গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা
www.fireservice.gov.bd

স্মারক নং- ৫৮.০৩.০০০০. ০২০.৩৯.০০১.২২- ৪৪২৮

তারিখ : ০৫/০১/১৪২৯ বঃ
১৯/০৪/২০২২ খ্রিঃ

বিষয় : ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আঞ্চলিক/ মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনের ফিডব্যাক প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন ময়মনসিংহ বিভাগীয় দপ্তর কর্তৃক দাখিলকৃত ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত পর্যালোচনায় নিম্নোল্লিখিত বিষয় পরিলক্ষিত হয়:

০২। অধিদপ্তরের ১৬ মার্চ ২০২২ তারিখের স্মারক নং ৫৮.০৩.০০০০.০২০.৪০.০২৫.২১.৮৭ মোতাবেক ০৩.০৪.২০২২ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে ০৩.০৪.২০২২ তারিখে মেইলযোগে পাওয়া যায়।

০৩। উক্ত দপ্তরের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ০৭টি কার্যক্রম, ২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ০১টি এবং ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে ঐচ্ছিকভাবে ০৫টি মোট ১৩টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে যেগুলোর লক্ষ্যমাত্রা ও অর্জন পরিবীক্ষণ করা হয়েছে, এর মধ্যে এ অধিদপ্তরের মাঠপর্যায়ের জন্য প্রযোজ্য ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থার [১.১], [১.২], [১.৩], [১.৪], [১.৫], [১.৬], [১.৭]; ২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার [২.১] এবং ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম [৩.১], [৩.২], [৩.৩], [৩.৪], [৩.৫] এই ১৩টি কার্যক্রম পরিবীক্ষণ ফিডব্যাক নিম্নরূপ:

| ক্রমিক | কার্যক্রমের নাম | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ০১-০৭-২০২১ হতে ৩১-০৩-২০২২ পর্যন্ত অর্জন | ০১-০৪-২০২২ হতে ৩০-০৬-২০২২ পর্যন্ত অবশিষ্ট লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | | | | |
| [১.১] | নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪ | ৩ | ১ | উপযুক্ত প্রমাণক প্রেরণ করতে হবে, কার্যক্রম চলমান থাকবে |
| [১.২] | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৬০% | ৬০% | ৬০% | ভুল লিপিবদ্ধ করা হয়েছে। কার্যক্রম চলমান থাকবে |
| [১.৩] | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১ | ১ | - | উপযুক্ত প্রমাণক প্রেরণ করতে হবে |
| [১.৪] | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২ | ১ | ১ | নির্ধারিত সময়ে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে |
| [১.৫] | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | ২<br>২৮-১২-২১<br>১৫-০৬-২২ | ১<br>২৮-১২-২০২১ | ১<br>১৫-০৬-২০২২ | নির্ধারিত সময়ে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন এবং তারিখ উল্লেখ করতে হবে |
| [১.৬] | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ০৭-৬-২০২১<br>১৪-১০-২০২১<br>১৪-০১-২০২২<br>১৪-০৪-২০২২ | ০৭-০৬-২১<br>১৪-১০-২১<br>১৪-০১-২২ | ১৪-০৪-২০২২ | নির্ধারিত সময়ে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে |
| [১.৭] | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ১৫-৬-২০২২ | - | - | প্রযোজ্য নয় |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার** | | | | | |
| [২.১] | ২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ১৯-০৭-২০২১ | ১৯-০৭-২০২১ | | উপযুক্ত প্রমাণক প্রেরণ করতে হবে |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | | | | |
| [৩.১] | আর্থিক সংশ্লেষ সম্পর্কিত সকল দপ্তরে অডিট পরিচালনা | ১৩-০৩-২২ | ১৩-০৩-২২ | - | উপযুক্ত প্রমাণক প্রেরণ করতে হবে |
| [৩.২] | দুর্নীতিরোধকল্পে জনসচেতনতার লক্ষ্যে সভা আয়োজন | ২ | ১ | ১ | নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে |

| ক্রমিক | কার্যক্রমের নাম | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ০১-০৭-২০২১ হতে ৩১-০৩-২০২২ পর্যন্ত অর্জন | ০১-০৪-২০২২ হতে ৩০-০৬-২০২২ পর্যন্ত অবশিষ্ট লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.৩] | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নম্বরসমূহ জনগণের নিকট পৌছাঁনোর লক্ষ্যে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক নিকটস্থ ফায়ার স্টেশন ও বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষের পরিবর্তিত নম্বরসমূহ ফায়ার লাইসেন্স, সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স, বাড়ির হোল্ডিং নম্বর প্লেটে সংযুক্তকরণ | ১১-০৫-২২ | - | ১১-০৫-২২ | প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণপূর্বক উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে |
| [৩.৪] | কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অন্যান্য দপ্তর হতে দুর্নীতি দমন, মাদক, পিপিআর ও ভূমি এবং অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ | ৪০ | ২০ | ২০ | নির্ধারিত সময়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে |
| [৩.৫] | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে চালুকৃত ই-সার্ভিস ব্যবহার নিশ্চিতকরণ | ১০০% | ১০০% | ১০০% | নির্ধারিত সময়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে |

০৪। মন্ত্রিপরিষদ বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রমসমূহ সঠিক সময়ে যথাযথভাবে বাস্তবায়ন আবশ্যক। এমতাবস্থায় প্রতিটি কার্যক্রমসমূহের মন্তব্য কলামে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন, কিছু ক্ষেত্রে সংশোধন, মোট অর্জন, অর্জিত মান লিপিবদ্ধকরণ এবং সম্পন্নকৃত কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ করতে হবে। যে সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সেগুলো নিশ্চিতপূর্বক অর্জনের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

19/4/22

লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)
ও
পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)

উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ:
১. অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, [মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২. পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)/ (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে আপলোডের জন্য)।